# OFFICE OF ADMINISTRATIVE TRIALS AND HEARINGS
Help Center

## মোবাইল ফুড ভেন্ডিং কার্ট/ট্রাকগুলির জন্য প্রশাসনিক বিচার ও শুনানি কার্যালয় (Office of Administrative Trials and Hearings, OATH) সম্পর্কিত তথ্য

**আমি কি আমার কার্ট/ট্রাক যেকোনো জায়গায় পরিচালনা করতে পারি?** নিউ ইয়র্ক সিটিতে যেকোনো জায়গায় আপনার মোবাইল ফুড ভেন্ডিং কার্ট/ট্রাক পরিচালনার অনুমতি নেই। কোথায় আপনার কার্ট/ট্রাক পরিচালনার অনুমতি নেই তা দেখতে অনুগ্রহ করে এই লিঙ্কটি অনুসরণ করুন: https://www1.nyc.gov/assets/doh/downloads/pdf/permit/mfv_restricted_streets.pdf

**আমার মোবাইল ভেন্ডিং ফুড কার্ট/ট্রাক কখন পরিদর্শন করা হবে?** প্রতিটি মোবাইল ফুড ভেন্ডিং কার্ট/ট্রাক বছরে কমপক্ষে একবার পরিদর্শন করা হয়।
**দ্রষ্টব্য:** নিউ ইয়র্ক সিটিতে (NYC) মোবাইল ফুড ভেন্ডিং কার্ট/ট্রাক পরিচালনার গাইড এখানে উপলভ্য: https://www1.nyc.gov/assets/doh/downloads/pdf/rii/regulations-for-mobile-food-vendors.pdf
**দ্রষ্টব্য:** মোবাইল ফুড ভেন্ডিং কার্ট/ট্রাকের অতিরিক্ত তথ্য এবং দিকনির্দেশনা এখানে পাওয়া যায়: https://www1.nyc.gov/site/doh/business/food-operators/mobile-and-temporary-food-vendors.page

**পরিদর্শনের সময় স্বাস্থ্য বিভাগের পরিদর্শক কী সন্ধান করেন?** অনুগ্রহ করে গাইড হিসেবে এই স্ব-পরিদর্শন চেকলিস্টটি ব্যবহার করুন: https://www1.nyc.gov/assets/doh/downloads/pdf/rii/mfv-self-inspection-worksheet.pdf

**মোবাইল ফুড ভেন্ডিংয়ের জন্য লেটার গ্রেডিং:** মোবাইল ফুড ভেন্ডিং ইউনিটগুলির জন্য লেটার গ্রেড স্যানিটারি পরিদর্শনকালে পাওয়া মোট লঙ্ঘন পয়েন্টগুলির উপর নির্ভরশীল। ইউনিট গ্রেড পাওয়ার আগে, এটির জন্য একটি নতুন পারমিট ডিক্যাল এবং একটি অবস্থান-শেয়ার করার ডিভাইস প্রয়োজন হবে, যা তার পরবর্তী প্রাক-অনুমতি পরিদর্শনকালে ইউনিটের সাথে যুক্ত করা হবে। লেটার গ্রেড অর্পণ করা হলে, প্রতিটি ফুড ট্রাক এবং কার্টের ইউনিটের পারমিট ডিক্যালে লেটার গ্রেড পোস্ট করা হবে। আপনি মোবাইল ফুড ভেন্ডিং ইউনিটগুলির জন্য লেটার গ্রেডিং সম্পর্কে এখানে আরো তথ্য পাবেন: https://www1.nyc.gov/assets/doh/downloads/pdf/rii/mfv-what-vendors-need-to-know.pdf

**কীভাবে আমার লেটার গ্রেড নির্ধারণ করা হয়?** NYC হেলথ কোড, বা অন্যান্য NYC আইন, বিধি বা বিধানের প্রতিটি লঙ্ঘন পরিদর্শনকালে পরিলক্ষিত একটি নির্দিষ্ট পরিমাণ "পয়েন্ট" এর সাথে জড়িত। জনসাধারণের কাছে লঙ্ঘনের বিপদ যত বেশি হয় পয়েন্ট তত বেশি নির্ধারিত হয়। পরিদর্শন শেষে, পয়েন্টগুলি পরিদর্শন স্কোরে একসাথে যুক্ত করা হয়। নিম্ন পরিদর্শন স্কোর মানে ভালো লেটার গ্রেড এবং কম জরিমানা। লেটার গ্রেডের পরিসীমা নিম্নরূপ: 0-13 পয়েন্টের মোট স্কোর = "A" গ্রেড; 14-27 পয়েন্ট = "B" গ্রেড; এবং 28 বা তার বেশি পয়েন্ট = "C" গ্রেড।
**দ্রষ্টব্য:** যদি আপনার OATH শুনানির পর, আপনার স্কোর হ্রাস পায়, আপনি স্বাস্থ্য বিভাগ থেকে একটি আপডেট গ্রেড কার্ড পাবেন।
**দ্রষ্টব্য:** যদি, প্রাথমিক পর্যবেক্ষণের পর, আপনার স্কোর 14 বা ততোধিক পয়েন্ট হয় কিন্তু OATH শুনানির পর 13 বা **তার চেয়ে কম পয়েন্টে নেমে আসে** তাহলে আপনি আপনার পরিদর্শনকালে স্বাস্থ্য বিভাগ কর্তৃক মূল্যায়িত সমস্ত জরিমানা **মওকুফের জন্য ফাইল** করতে পারেন। ফি মওকুফের জন্য অনুগ্রহ করে এই ফরমটি স্বাস্থ্য বিভাগে জমা দিন: https://www1.nyc.gov/assets/doh/downloads/pdf/rii/mobile-food-vendor-fine-waiver.pdf.

লঙ্ঘনগুলি জনগণের স্বাস্থ্যের ঝুঁকির উপর নির্ভর করে "ক্রিটিক্যাল" বা "সাধারণ" হতে পারে। ক্রিটিক্যাল লঙ্ঘনে সাধারণ লঙ্ঘনের চেয়ে বেশি পয়েন্ট নির্ধারিত হয়। এছাড়াও লঙ্ঘনগুলি বিভিন্ন "শর্ত" অনুযায়ী হতে পারে। উদাহরণস্বরূপ, যদি আপনার কার্ট/ট্রাক পর্যবেক্ষণের সময় 3টি ফল মাছিসহ পরিলক্ষিত হয় যা আপনার কার্ট/ট্রাক 20টি ফলের মাছিসহ পর্যবেক্ষণের তুলনায় নিম্ন "শর্ত" হতে পারে। উচ্চতর "শর্ত" মানে উচ্চতর পয়েন্ট এবং উচ্চতর জরিমানা। আপনি যদি মনে করেন যে পরিদর্শকের বর্ণিত "শর্ত" ভুল, তাহলে আপনি আপনার শুনানির সময় তা উপস্থাপন করতে পারেন।

**কিভাবে আমার সম্ভাব্য জরিমানা নির্ধারণ করা হয় এবং এটি সর্বোচ্চ কত হতে পারে? সম্ভাব্য জরিমানা অভিযুক্ত লঙ্ঘনের সংখ্যার উপর ভিত্তি করে নির্ধারণ করা হয়, সেগুলি "ক্রিটিক্যাল" বা "সাধারণ," এবং "শর্ত" এর প্রকৃতি অনুযায়ী হয়।** প্রতিটি পৃথক পরিলক্ষিত লঙ্ঘনের ফলে জরিমানা হতে পারে। জরিমানা আইন অনুযায়ী সেট করা হয় এবং 200 মার্কিন ডলার থেকে 2000 মার্কিন ডলার পর্যন্ত হতে পারে। আপনি যদি "পুনরাবৃত্ত" অপরাধী হিসেবে বিবেচিত হন তবে জরিমানা বেশি হতে পারে। **দ্রষ্টব্য: আইন লঙ্ঘন পরিদর্শন করার সময় নির্ধারিত হয়। শর্তটি সংশোধন করার জন্য আপনি পরিদর্শন শেষে যে পদক্ষেপ গ্রহণ করেন তা চার্জের প্রতিরক্ষা *নয়*।**

**কেউ কি আমার OATH শুনানির প্রস্তুতি নিতে আমাকে সহায়তা করবেন?** আপনার যদি উকিল বা পেইড, পেশাদার, নিবন্ধিত প্রতিনিধি না থাকে তবে আপনি OATH সহায়তা কেন্দ্রের কার্যনির্বাহী বিচার সমন্বয়কারীর সাথে কথা বলতে পারেন **বিনামূল্যে।** কার্যনির্বাহী বিচার সমন্বয়কারী আপনার শুনানির জন্য আপনাকে প্রস্তুতি গ্রহণে আইনী তথ্য এবং সংস্থান সরবরাহ করতে পারে। এই ব্যক্তিগণ আপনাকে শুনানির প্রক্রিয়া, আপনার কাছে উপলভ্য বিকল্পগুলি এবং আপনার প্রশ্নগুলির উত্তর দিতে পারে। অনুগ্রহ করে কোনো সহায়তা কেন্দ্রের কার্যনির্বাহী বিচার বিভাগের সমন্বয়কারীর সাথে অ্যাপয়েন্টমেন্ট সেট করতে যেকোনো OATH এর ঠিকানায় OATH সহায়তা কেন্দ্রে নিজে গিয়ে, সোমবার থেকে শুক্রবার, সকাল 8:00 থেকে বিকেল 5:00 পর্যন্ত, টেলিফোনে (212) 436-0845 নম্বরে বা Smallbizhelp@oath.nyc.gov-এ ইমেল করে যোগাযোগ করুন।